

# বিবাহ সিদ্ধকরণ আইন, ১৮৯২

(১৮৯২-এর ২ নং আইন)

ভারতীয় খ্রীষ্টান বিবাহ আইন, ১৮৭২-এর ভাগ ৬ অনুযায়ী  
অনুষ্ঠিত কোন কোন বিবাহ সিদ্ধকরণার্থ আইন।

[২৯শে জানুয়ারী, ১৮৯২]

১৮৭২-এর  
১৫।

যেহেতু ভারতীয় খ্রীষ্টান বিবাহ আইন, ১৮৭২-এর ভাগ ৬-এ এরূপ ব্যক্তিগণের মধ্যে বিবাহ অনুষ্ঠিতকরণের জন্য বিধান করা হইয়াছে যাঁহাদের উভয়েই ভারতীয় খ্রীষ্টান, কিন্তু এরূপ ব্যক্তিগণের মধ্যে বিবাহ অনুষ্ঠিতকরণের জন্য নহে, যাঁহাদের মধ্যে একজন মাত্র ভারতীয় খ্রীষ্টান;

এবং যেহেতু উক্ত আইনের ৯ ধারা অনুযায়ী অনুজ্ঞাপত্র প্রাপ্ত ব্যক্তিগণ ভারতের বিভিন্ন অংশে, বিধির অজ্ঞতাবশতঃ, তাঁহাদের উপস্থিতিতে, ঐ ভাগ অনুযায়ী এরূপ ব্যক্তিগণের মধ্যে বিবাহ অনুষ্ঠিত হইতে দিয়াছেন, যাঁহাদের একজন ভারতীয় খ্রীষ্টান এবং অন্য জন ভারতীয় খ্রীষ্টান নহেন;

এবং যেহেতু ঐরূপ বিবাহসমূহ, সরল বিশ্বাসে অনুষ্ঠিত হইয়া থাকায়, সিদ্ধ করা সঙ্গত;

অতএব এতদ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

১। [প্রারম্ভ] নিরসন ও সংশোধন আইন, ১৯১৪ (১৯১৪-র ১০), ৩ ধারা ও তফসিল ২ দ্বারা নিরাসিত।

২। এই আইনে “ভারতীয় খ্রীষ্টান” শব্দসমষ্টির সেই অর্থই সংজ্ঞার্থ। থাকিবে, ভারতীয় খ্রীষ্টান আইন, ১৮৭২-এ উহার যে অর্থ আছে।

১৮৭২-এর  
১৫।

৩। যেসকল বিবাহ ইতঃপূর্বে ভারতীয় খ্রীষ্টান বিবাহ আইন, ১৮৭২-এর ভাগ ৬ অনুযায়ী এরূপ ব্যক্তিগণের মধ্যে অনুষ্ঠিত হইয়া গিয়াছে যাঁহাদের একজন মাত্র ভারতীয় খ্রীষ্টান ছিলেন, সেই সকল বিবাহ বিধিমতে সেইরূপ সঠিক ও সিদ্ধ হইবে, যেন ঐরূপ বিবাহ এরূপ ব্যক্তিগণের মধ্যে অনুষ্ঠিত হইয়াছিল যাঁহাদের উভয়েই ভারতীয় খ্রীষ্টান ছিলেনঃ

অনিয়মিত বিবাহ  
সিদ্ধকরণ।

তবে, এই ধারার কোন কিছুই, যে বিবাহ অকৃত ও বাতিল বলিয়া বিচারিকভাবে ঘোষিত হইয়াছে সেদ্বারা কোন বিবাহে, অথবা যেক্ষেত্রে পক্ষদ্বয়ের কোন পক্ষ ঐ বিবাহ অনুষ্ঠিত হওয়ার পর এবং এই আইনের প্রারম্ভের পূর্বে কোন সিদ্ধ বিবাহ সংবিদ্যাবদ্ধ করিয়াছেন সেক্ষেত্রে, প্রযুক্ত হইবে না।

৪। যে বিবাহসমূহ শেষ পূর্বগামী ধারা দ্বারা বিধিমতে সঠিক ও সিদ্ধ বলিয়া ঘোষিত হইয়াছে উহাদের শংসাপত্র-সমূহ এবং তৎকালে বলবৎ বিধির অনুসরণে জমা-দেওয়া রেজিস্ট্রীবিহীনসমূহ, এবং তৎসমূহ হইতে যথার্থ ও যথাযথ-ভাবে প্রমাণীকৃত উদ্ভূতসমূহের শংসিত প্রতিলিপিসমূহ, যতদূর পর্যন্ত ঐ রেজিস্ট্রীবিহীনসমূহ ও উদ্ভূতসমূহ পূর্বোক্ত-রূপ বিবাহসমূহের সহিত সম্পর্কিত ততদূর পর্যন্ত, ঐরূপ বিবাহের সাক্ষ্যরূপে গৃহীত হইবে, যেন ঐরূপ বিবাহ এরূপ ব্যক্তিগণের মধ্যে অনুষ্ঠিত হইয়াছিল যাঁহাদের উভয়েই ভারতীয় খ্রীষ্টান ছিলেন।

অনিয়মিত বিবাহের  
অভিলেখ সিদ্ধকরণ।

১৮৬৫-র ৫নং আইন  
অনুযায়ী বিবাহসমূহে  
এই আইনের প্রয়োগ।

৫। এই আইনে ভারতীয় খ্রীষ্টান বিবাহ আইন, ১৮৭২-এর  
উল্লেখসমূহ, আবশ্যিকমত, ভারতীয় বিবাহ আইন, ১৮৬৫-র  
অনুরূপ অংশসমূহেও প্রযুক্ত হয় বলিয়া অর্থ করিতে হইবে।

১৮৭২-এর  
১৫।  
১৮৬৫-র ৫

অনিয়মিত বিবাহ  
অনুষ্ঠিতকরণের জন্য  
দণ্ড।

৬। যেক্ষেত্রে উক্ত আইনের ৯ ধারা অনুযায়ী ভারতীয়  
খ্রীষ্টানগণের মধ্যে বিবাহের শংসাপত্র প্রদান করিতে অনুজ্ঞাপত্র  
প্রাপ্ত কোন ব্যক্তি, এই আইনের প্রারম্ভের পরে যেকোন সময়ে,  
উক্ত আইনের ভাগ ৬ অনুযায়ী কোন বিবাহ অনুষ্ঠিত করেন  
বা অনুষ্ঠিত করিবার ভান করেন অথবা তথায় উল্লিখিত আছে  
ঐরূপ কোন শংসাপত্র প্রদান করেন, যদিও তিনি জানেন যে  
ঐরূপ বিবাহের বা কৃত্রিম বিবাহের ঐরূপ অনুষ্ঠিতকরণের  
তারিখে ঐ বিবাহের পক্ষগণের এক পক্ষ খ্রীষ্টান ছিলেন না,  
সেক্ষেত্রে তিনি তাহার অনুজ্ঞাপত্র বাতিল হইয়া যাইবার জন্য  
দায়ী হইবেন এবং, তদুপরন্তু, তিনি ঐ আইনের ৭৩ ধারা  
দ্বারা প্রতিষিদ্ধ কোন অপরাধের জন্য দোষী হইয়াছেন বলিয়া  
গণ্য হইবেন এবং তদনুসারে দণ্ডনীয় হইবেন।